The Bangladesh Monitor - A Premier Travel Publication

# কাতার প্রবাসীদের সতর্ক করলো দূতাবাস

- A Monitor Desk Report    Date: 24 September, 2025




**ঢাকাঃ অযাচিত অর্থ আদায়ের বিষয়ে প্রবাসী কর্মীদের সতর্ক করেছে কাতারের বাংলাদেশের দূতাবাস।**

মঙ্গলবার(২৩ সেপ্টেম্বর) দূতাবাস থেকে পাঠানো এক জরুরি বিজ্ঞপ্তিতে এ বিষয়ে সতর্ক করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শপিংমলসহ অন্যান্য জায়গায় পার্কিংয়ে যারা কার ওয়াশিংয়ের কাজে নিয়োজিত রয়েছেন, তাদের মধ্য থেকে কতিপয় বাংলাদেশিকে আটক করছে আইনশৃঙ্খলা বাহিনী। যদিও তাদের বৈধ কাতার আইডি ও কাজের অনুমতি রয়েছে।

এই বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে জানা যায়, কতিপয় ক্লিনিং কোম্পানির নিযুক্ত কিছু কর্মী কাতার সরকারের নিয়ন্ত্রণাধীন পার্কিংয়ে কার ওয়াশিংয়ের কাজে নিয়োজিত রয়েছেন। তারা পার্কিংয়ে গাড়ি আসা মাত্র কার ওয়াশের জন্য গাড়ির কাচে 'নক' করেন। তারা গাড়িতে বসা যাত্রীদের বিরক্ত করেন এবং কার ওয়াশ করতে না চাইলে অযাচিতভাবে অর্থ দাবী করেন, যা অনভিপ্রেত।

দূতাবাস জানিয়েছে, বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের গোচরীভূত হওয়ায় তারা পাবলিক পার্কিংয়ে কার ওয়াশে নিয়োজিত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেছে। এ ধরনের অযাচিত সমস্যা এড়িয়ে চলতে কার ওয়াশিং কোম্পানি এবং সংশ্লিষ্ট সবাইকে সতর্কতা অবলম্বনের অনুরোধ জানানো যাচ্ছে।

-B